শ্রমিকের কাজ নিলেন দীপিকা পাড়ুকোন!

ভারতের মধ্যপ্রদেশের খারগনি জেলার একটি গ্রামে পরিযায়ী শ্রমিকের কাজ নিয়েছেন বলিউড তারকা দীপিকা পাড়ুকোন। অবাস্তব লাগছে? কিন্তু ‘মহাত্মা গান্ধী ন্যাশনাল রুরাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি অ্যাক্ট’-এর একটি জব কার্ডে দীপিকার ছবি দেখার পর আপনিও এমনটাই বলবেন।

শুধু দীপিকাই নন, আরও অনেক বলিউড তারকার ছবি দেওয়া ভুয়া কার্ড জমা পড়েছে। অভিযুক্তদের মধ্যে রয়েছেন সোনু শান্তিলাল, মনোজ দুবেসহ প্রায় ১২ জন গ্রামবাসী। কিন্তু তাদের বক্তব্য, তারা জানেন না এরকম ছবি কীভাবে ছাপানো হয়েছে।

সোনু শান্তিলাল বললেন, আমার স্ত্রীর ছবি সরিয়ে দীপিকার ছপবি বসানো হয়েছে। আমরা একটা দিনও কাজ করেছি বলে দাবি করিনি। এরকম ভুয়া কাজ করতে পারেন একমাত্র পঞ্চায়েতের সভাপতি এবং নিয়োগকর্তার সহকারী।

খারগনি জেলা পঞ্চায়েতের সিইও গৌরব বানাল জানালেন, যারাই এই কাণ্ডে দায়ী, তাদের শাস্তি দেওয়া হবে। ১১ টা জব কার্ড পাওয়া গেছে এরকম। আর গত কয়েকদিনে এই কার্ডের নামে অনেক টাকা তুলে নেওয়া হয়েছে।

রণবীর-আলিয়ার বিয়ের গুঞ্জন, বেরিয়ে এলো আসল খবর!

সম্প্রতি গুঞ্জন ওঠে- রণবীর কাপুর এবং আলিয়া ভাটের বিয়ের তোড়জোড় শুরু করে দিয়েছে কাপুর পরিবার! এমনকি নীতু কাপুরের নাচের ভিডিও প্রকাশ্যে আসতেই সেই গুঞ্জনে যেন আরও দিগুণ হয়ে যায়। এবার রণবীর ও আলিয়ার বিয়ের গুঞ্জন নিয়ে প্রকাশ্যে বেরিয়ে এল আসল

খবর।

কাপুর পরিবারের এক ঘনিষ্ঠের পক্ষ থেকে জানা যায়, চলতি বছরে বিয়ের কোনো পরিকল্পনা নেই রণবীর ও আলিয়ার। আগামী বছরেও কাপুর পরিবারে কোনো বিয়ের পরিকল্পনা নেই। চলতি বছর এপ্রিল মাসে মারা যান ঋষি কাপুর। ফলে এই মুহূর্তে রণবীর কাপুর কিংবা আলিয়া ভাট, কারও কোনো বিয়ের পরিকল্পনা নেই। তবে রণবীর এবং আলিয়া যদি নিজেরা বিয়ের সিদ্ধান্ত নেন, সেক্ষেত্রে নীতু কাপুরের কোনো আপত্তি নেই বলেও জানা গিয়েছে।

বর্তমানে নিজেদের ক্যারিয়ার নিয়ে ব্যস্ত সময় পার করছেন রণবীর কাপুর এবং আলিয়া ভাট। পরিচালক অয়ন মুখোপাধ্যায়ের সিনেমা ব্রক্ষ্মাস্ত্রর একেবারে শেষপর্যায়ের কাজ করছেন তারা। এর পাশাপাশি পরিচালক সঞ্জয় লীলা বনশালির গাঙ্গুবাই কাঠিওয়াড়ির শুটিংও করছেন আলিয়া।

অন্যদিকে রণবীর কিছুদিন আগে শেষ করেছেন শামসেরার শুটিং। সবকিছু মিলিয়ে লকডাউন ওঠার পর বর্তমানে শ্যুটিং নিয়ে অনেকটা ব্যস্ত সময় পার করছেন রণবীর কাপুর এবং আলিয়া ভাট।

সুশান্ত ইস্যুতে বলিউডের মানহানি, এবার ৩ খানসহ আদালতে তারকারা

করোনা সংকটের মধ্যে সুশান্ত সিংহ রাজপুতের মৃত্যু এবং পরবর্তী ঘটনাক্রম ঘিরে তোলপাড় বলিউড। এবার সেই বলিউডই একজোট হয়ে আদালতে মামলা করে দিলেন ‘রিপাবলিক টিভির এডিটর ইন চিফ অর্ণব গোস্বামী এবং টাইমস নাও-এর সঞ্চালক নবিকা কুমার-সহ চার সাংবাদিকের বিরুদ্ধে। খবর হিন্দুস্তান টাইমস এর।

সালমান খান, আমির খান, শাহরুখ খান, কর্ণ জোহর, ফারহান আখতার, অজয় দেবগনের মতো অভিনেতা পরিচালকদের মোট ৩৪টি প্রযোজনা সংস্থা

মিলে মামলা দায়ের করেছে দিল্লি হাইকোর্টে। অর্ণব, নবিকা ছাড়াও অভিযোগের তালিকায় রয়েছেন রিপাবলিক টিভির সাংবাদিক প্রদীপ ভান্ডারি, টাইমস নাও-এর এডিটর-ইন-চিফ রাহুল শিবশঙ্করও।

বলিউডের সিনেমা জগৎ এবং তার সঙ্গে জড়িত অভিনেতা-অভিনেত্রী, পরিচালক, কলাকুশলীদের বিরুদ্ধে ‘দায়িত্বজ্ঞানহীন, অবমাননাকর ও অপমানসূচক রিপোর্টিং এবং মন্তব্য’ করার অভিযোগ আনা হয়েছে এই সাংবাদিকদের বিরুদ্ধে। এই দুটি চ্যানেলকে নিয়ন্ত্রণের দাবিও জানানো হয়েছে মামলাকারীদের পক্ষ থেকে।

আইনি পরামর্শদাতা সংস্থা ডিএসকে লিগ্যালের পক্ষে দায়ের করা মামলায় বলা হয়েছে, ‘যেভাবে গোটা বলিউডের বিরুদ্ধে অপপ্রচার চালানো হয়েছে, তাতে ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে সিনেমা শিল্পের সঙ্গে যুক্ত সবার জীবন ও জীবিকা। মহামারির কারণে এমনিতেই কাজ হারানো, উপার্জন কমে যাওয়ার সঙ্কট চলছিল। এই প্রবণতা তাতে ক্ষতি করেছে আরও।’

সুশান্ত সিংহ রাজপুতের মৃত্যুর পর বলিউডে উঠেছিল নোপোটিজমের অভিযোগ। তারপর মাদক যোগ নিয়েও তোলপাড় হয়েছে বাণিজ্যনগরীর রূপোলি জগৎ। মাদক চক্রে যুক্ত থাকার অভিযোগে রিয়া চক্রবর্তীকে গ্রেফতার করেছে এনসিবি। কিন্তু একটি অপরাধে একজন অভিযুক্ত হলে সেই পেশা বা শিল্পের সঙ্গে জড়িত সবাই একই অভিযোগে অভিযুক্ত-এমন প্রবণতার বিরুদ্ধে আঙুল তুলেছেন মামলাকারীরা।

তাদের বক্তব্য, ‘একটি অপরাধের জন্য গোটা বলিউডকে জড়িয়ে দেওয়া, হয়েছে। এমনভাবে উপস্থাপনা করা হয়েছে, যেন গোটা বলিউড অপরাধী এবং মাদকের কারবারের সঙ্গে যুক্ত। তাতে জনসাধারণের মনে বলিউড সম্পর্কে ভ্রান্ত ধারণা তৈরি হয়েছে এবং মুম্বাই ফিল্ম ইন্ডাস্ট্রির সঙ্গে জড়িতদের সম্মানের অপূরণীয় ক্ষতি হয়েছে।’

মামলায় বলিউডের প্রয়োজক, পরিচালক, অভিনেতা-অভিনেত্রীদের পাশাপাশি যুক্ত হয়েছে প্রোডিউসার্স গিল্ড অব ইন্ডিয়া। এই সংগঠনের শামিল হওয়ার অর্থ প্রায় পুরো বলিউড মামলাকারীদের সঙ্গে। সংগঠনের ১৩০ সদস্যের মধ্যে শুধু পরিচালক-প্রযোজকই নয়, রয়েছেন বলিউডের প্রায় সব বড় স্টুডিয়োর মালিক কর্তৃপক্ষ, স্ট্রিমিং প্ল্যাটফর্মগুলোও।

রোহিত শেট্টি, কবীর খান, বিধু বিনোদ চোপড়া, রমেশ সিপ্পি, রাকেশ রোশন, আশুতোষ গায়কোয়াড়, সাজিদ নাদিয়াদওয়ালা, সিদ্ধার্থ

রায় কপুর, বিশাল ভরদ্বাজ, জোয়া আখতার, রাকেশ ওমপ্রকাশ মেহরার মতো বলিউডের সেরা প্রযোজক-পরিচালকরা তাদের মধ্যে অন্যতম।

আয়নাবাজি’ বিশ্বের সর্বোচ্চ রেটের চলচ্চিত্রের তালিকায় দ্বিতীয়

১৩০ দেশের চলচ্চিত্র বিশ্লেষণ ও আইএমডিবি’র রেটিং স্কোর ব্যবহার করে দেশভিত্তিক বিশ্বের সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত চলচ্চিত্রের তালিকা প্রকাশ করেছেন ট্রান্সক্রিপশন সাইট ‘অ্যাম্বার স্ক্রিপ্ট ডট কম’। এই তালিকায় রেটিং পয়েন্ট ৯.১ পেয়ে দ্বিতীয় অবস্থানে রয়েছে বাংলাদেশের সাড়া জাগানো চলচ্চিত্র ‘আয়নাবাজি।’

সম্প্রতি এই রেটিং পয়েন্ট প্রকাশ করে ‘অ্যাম্বার স্ক্রিপ্ট ডট কম’। হলিউড এবং বলিউডের চলচ্চিত্রের সঙ্গে পাল্লা দিয়ে বাংলাদেশের ‘আয়নাবাজি’র এই অর্জন একটি বড় সাফল্য।

‘আয়নাবাজি’র সঙ্গে যৌথভাবে দ্বিতীয় অবস্থানে থাকা অন্য চলচ্চিত্রটি কসোভোর ‘জানা’ (২০১৯)। যার রেটিং পয়েন্টও ৯.১।

তালিকার শীর্ষস্থানে রয়েছে যুক্তরাষ্ট্রের ‘দ্য শশাঙ্ক রিডেম্পশন’। ১৯৯৪ সালে মুক্তি পাওয়া এই চলচ্চিত্র ১০ পয়েন্টের মধ্যে পেয়েছে ৯.২। রেটিং পয়েন্ট ৯ পেয়ে যৌথভাবে তৃতীয় স্থানে রয়েছে যুক্তরাজ্যের ‘দ্য ডার্ক নাইট’ (২০০৮) ও শ্রীলংকার ‘আলোকো উদাপাদি’ (২০১৭)।

২০১৬ সালের ৩০ সেপ্টেম্বর মুক্তি পায় ‘আয়নাবাজি’। আর এর মাধ্যমেই অমিতাভ রেজা চৌধুরী পরিচালক এবং জিয়াউদ্দিন আদিলের প্রযোজক হিসেবে অভিষেক হয়। চলচ্চিত্রটির কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করেছেন চঞ্চল চৌধুরী। গুরুত্বপূর্ণ চরিত্রে ছিলেন অভিনেত্রী নাবিলা ও সংগীতশিল্পী-অভিনেতা পার্থ বড়ুয়া।

ছবিটির চিত্রনাট্য লিখেছেন অনম বিশ্বাস ও গাউসুল আলম শাওন। এতে

আরও অভিনয় করেছেন লুৎফর রহমান জর্জ, হীরা চৌধুরী, শওকত ওসমান, বৃন্দাবন দাস, গাউসুল আলম, ইফফাত তৃষা প্রমুখ। বিভিন্ন দেশের চলচ্চিত্র উৎসবে প্রদর্শনীর পাশাপাশি সাত ক্যাটাগরিতে ‘জাতীয় চলচ্চিত্র পুরস্কার’ লাভ করে ‘আয়নাবাজি’।

গত ৩০ সেপ্টেম্বর ‘আয়নাবাজি’র ৪ বছর পূর্তি উদযাপন করেছেন চলচ্চিত্রটির সংশ্লিষ্টরা।

সূত্র- বিডি-প্রতিদিন

মেয়েদের শালীন পোশাক পরতে বললেন অনন্ত জলিল

দেশে ধর্ষণ বেড়ে যাওয়ায় উদ্বিগ্ন সবাই। চলছে আন্দোলন। দাবি উঠছে সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের। প্রতিবাদে সোচ্চার হচ্ছেন তারকারাও। এবার ধর্ষণ নিয়ে কথা বললেন চিত্রনায়ক অনন্ত জলিল।

শনিবার তার অফিসিয়াল ফেসবুক পেজে এক ভিডিও পোস্টে তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিভাবক সম্বোধন করে ধর্ষণকারীদের মৃত্যুদণ্ড দেওয়ার লক্ষ্যে সুনির্দিষ্ট আইন ও তা বাস্তবায়নের আহ্বান জানান।

ধর্ষকদের উদ্দেশ্যে অনন্ত জলিল বলেন, এই যে তোমরা যারা ধর্ষণ করেছো, তোমরা বলব না তোরা বলব? ধর্ষণ করার কারণে যে সারাদেশে আন্দোলনে সাধারণ মানুষের জীবনযাত্রার যে বিঘ্ন ঘটাচ্ছো, কেমন লাগছে তোমাদের? হাসি পাচ্ছে? তোমাদের সামনে তোমাদের স্ত্রী কন্যাদের যদি কেউ রেইপ করে তাহলে তোমার কেমন লাগবে?

নারীদের পাশ্চাত্য দেশের পোশাক পরিধানের বিষয়ে তিনি বলেন, এসব ড্রেস-আপ দেখে চেহারার দিকে না তাকিয়ে বখাটেরা তোমার ফিগারের দিকে তাকায়, এরপর বিভিন্ন মন্তব্য করে, এবং রেইপ করার চিন্তা তাদের মাথায় আসে।

সব মেয়েকে শালীন পোশাক পরার আহ্বান জানিয়ে জলিল বলেন, তোমরা কি

নিজেদের মডার্ন মনে করো? অ্যাঁ? এটা কি মডার্ন ড্রেস? না অশালীন ড্রেস। এটা মডার্ন ড্রেস হতে পারে না। মডার্ন ড্রেস হবে যেখানে ফেস দেখা যাবে যেটা আল্লাহতায়ালা দিয়েছেন। কিন্তু যে বডিটা আছে সেখানে শালীনভাবে পোশাক পরতে হবে। নিজেকে পাশের একজন ভদ্রমেয়ের কাছে জিজ্ঞাসা করে দেখো, তোমাকে কত বাজে লাগে দেখতে।

‘ছেলেদের মত একটা টিশার্ট পরে বের হয়ে যাও, মডার্ন মেয়ে তুমি! খুব মডার্ন! তারপর ইজ্জত শেষ করে আত্মহত্যা করো না হয় মানুষের সামনে মুখ দেখাতে পারো না, এটা কি মডার্ন? শালীন ড্রেস পরলে যারা বখাটে যাদের মাথায় ধর্ষণের চিন্তাভাবনা আছে, তারা তোমার দিকে শ্রদ্ধার দিকে তাকাবে। এরপর চোখ নিচের দিকে নিয়ে নেবে’,- বলেন তিনি।

ধর্ষকদের মৃত্যুদণ্ড চেয়ে প্রধানমন্ত্রীর নিকট আবেদন জানান অনন্ত। তিনি বলেন, ‘মাননীয় প্রধানমন্ত্রীর কাছে আমার আকুল আবেদন, আপনি আমাদের অভিভাবক। এসব অমানুষদের বিরুদ্ধে মৃত্যুদণ্ড আইন ও তা বাস্তবায়নের নির্দেশ দিতে হবে। আপনার দিকে সবাই তাকিয়ে আছে, আপনি কখন নির্দেশ দেবেন।’

বিপজ্জনক তারকার তালিকায় আনুশকা সোনাক্ষী শাহরুখ

‘অ্যাকচুয়াল’ জীবনে সুরক্ষা যেমন জরুরি, তেমনই ‘ভারচুয়াল’ জগতেও নিরাপত্তার গুরুত্ব অনিবার্য। কোথায়, কীভাবে বিপদ লুকিয়ে রয়েছে, তা কেউ বলতে পারে না। এই বিপদ তারকাদের সূত্র ধরেও আসতে পারে। এমন চমকপ্রদ তথ্যই উঠে এসেছে সাম্প্রতিক এক সমীক্ষায়। যেখানে অভিনেত্রী তাব্বু, তাপসী পান্নু, আনুশকা শর্মাকে ভারতের সবচেয়ে ‘বিপজ্জনক তারকা’ হিসেবে চিহ্নিত করা হয়েছে।

সমীক্ষাটি করেছে সাইবার সুরক্ষা প্রদান করা সংস্থা ম্যাকাফি। আর তাদের এই সমীক্ষায় সবচেয়ে উপরে নাম রয়েছে ফুটবল তারকা ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর। দ্বিতীয় স্থানে রয়েছেন তাব্বু। তৃতীয় এবং চতুর্থ স্থানে তাপসী পান্নু এবং আনুশকা শর্মা।

‘বিপজ্জনক তারকা’ তালিকায় সোনাক্ষী সিনহার নাম পঞ্চম স্থানে। ষষ্ঠ স্থানে সারা আলি খান। বলিউড বাদশা শাহরুখ খান রয়েছেন দশম স্থানে। তার আগে অর্থাৎ নবম স্থানে রয়েছেন হিন্দি টেলিভিশন তারকা দিব্যাঙ্কা ত্রিপাঠি দাহিয়া।

ভারতে এই জরিপ সংস্থার দায়িত্বে থাকা ভেঙ্কট কৃষ্ণাপুর জানান, সাইবার অপরাধীরা সাধারণত জনপ্রিয় সিনেমা, টিভি শো, খেলার ভিডিও কিংবা তারকাদের ফাঁস হয়ে যাওয়া ভিডিওর সন্ধানে থাকেন। যখনই ভারচুয়াল জগতের কোনো নাগরিক বিনা মূল্যে এই সমস্ত তথ্য পাওয়ার চেষ্টা করেন, তখনই নিজেদের সাইবার সুরক্ষাকে বিপদের মুখে ঠেলে দেন।

ফলে হ্যাকারদের কাছে তাকে অনেক ব্যক্তিগত তথ্য ফাঁস হয়ে যায়। আর নেট দুনিয়ায় এই সমস্ত তারকাদের সিনেমা, পোস্ট, লিকড ভিডিওর খোঁজ খুবই বেশি পরিমাণে হয়ে থাকে, যাকে টোপ হিসেবে সাইবার অপরাধীরা ব্যবহার করে। বেশির ভাগ সার্চই অপরিচিত আইডি থেকে হয়ে থাকে বলে জানান ভেঙ্কট। আর সেই ভিত্তিতেই এই সমীক্ষাটি করা হয়। যার প্রথমসারিতে বেশির ভাগ নারী তারকার নাম উঠে এসেছে।

করোনায় আক্রান্ত তাহসান, চিন্তা না করার অনুরোধ

জনপ্রিয় গায়ক ও অভিনেতা তাহসান খান কোভিড-১৯ আক্রান্ত হয়েছেন। বাসায় আইসোলেশনে থেকে চিকিৎসা নিচ্ছেন তিনি। গত ছয়দিন ধরে জ্বর ও শর্দিতে ভোগছিলেন তাহসান খান। তিনদিন আগে নাট্য নির্মাতা ইমরুল রাফাতের শুটিং সেটে তার শারীরিক অবস্থা গুরুতর হয়ে পড়ে। পরে করোনা পরীক্ষা করালে রেজাল্ট পজেটিভ আসে। এরপর সব কাজ বন্ধ করে দিয়ে বাসায়ই অবস্থান করছেন তাহসান।

এদিকে, করোনা আক্রান্ত তাহসান আজ বিকেলে সাংবাদিকদের উদ্দেশে এক বার্তা পাঠিয়ে জানিয়েছেন তিনি বর্তমানে তিনি বেশ সুস্থ আছেন। বার্তায় তাহসান লিখেছেন, ‘আমার স্বাস্থ্য সম্পর্কে আপনাদের উদ্বেগের জন্য ধন্যবাদ। আমার স্বাস্থ্যের অবস্থার কারণে

আলাদাভাবে সবার উত্তর দেওয়া এবং ফোন কল গ্রহণ করা আমার পক্ষে কঠিন। আমি আশা করি এই বার্তাটি আপনার প্রশ্নের উত্তর দেবে।’

তাহসান বলেন, “আমার সহ-অভিনেত্রী তানজিন তিশা কোভিড-১৯ পজিটিভ ধরা পড়ার পর আমি সঙ্গরোধে ছিলাম। পরিচালক মোস্তফা কামাল রাজের ‘মানি মেশিন’-এর শুটিং চলাকালীন আমি গত সপ্তাহে তাঁর (তানজিন তিশা) সাথে ছিলাম। সে কারণে পূর্ব সতর্কতার জন্য আগেই আমি সঙ্গরোধে ছিলাম।”

তাহসান আরো লিখেছেন, ‘আমার খুব সামান্য লক্ষণ দেখা দেওয়ার পরও আমি এই সপ্তাহে পরীক্ষা করেছিলাম। আমি সবেমাত্র ফলাফল পেয়েছি এবং আমিও কোভিড পজিটিভ। আমার সমস্ত শুভাকাঙ্ক্ষী যাঁরা আমাকে করোনা সম্পর্কিত বার্তা প্রেরণ করছেন, তাঁদের কাছে আমি বলতে চাই যে; আমার জ্বর বা অন্য কোনো গুরুতর লক্ষণ নেই। সবেমাত্র পেশির ছোটখাটো ব্যথা এবং সাধারণ দুর্বলতা রয়েছে। সুতরাং দয়া করে আমার স্বাস্থ্য সম্পর্কে চিন্তা করবেন না। আপনাদের ভালোবাসা এবং উদ্বেগগুলো সত্যিই আমাকে স্পর্শ করেছে।’

চলে গেলেন সর্বকালের সেরা গিটারিস্ট এডি ভ্যান

সর্বকালের সর্বশ্রেষ্ঠ গিটারিস্ট এডি ভ্যান হ্যালেন আর নেই। দীর্ঘদিন ক্যান্সারের সঙ্গে লড়াই করে অবশেষে হার মানলেন এক সময়ের মাইকেল জ্যাকসনের সহশিল্পী বিশ্বখ্যাত এই গিটারিস্ট।

সংগীতজ্ঞ ভ্যান হ্যালেন ছিলেন একাধারে গীতিকার, প্রযোজক ও উদ্ভাবনী গিটারিস্ট। ১৯৫৫ সালে নেদারল্যান্ডসে তার জন্ম। ১৯৭২ সালে আমেরিকান রক ব্যান্ড ‘ভ্যান হ্যালেন’র সহ-প্রতিষ্ঠাতা তিনি। তার সঙ্গে ছিলেন তার ভাই ও ড্রামার অ্যালেক্স ভ্যান হ্যালেন, ব্যাসিস্ট মার্ক স্টোন ও গায়ক ডেভিড লি রোথ। দু’হাতে সমান তালে সোলো টেকনিকে গিটার ট্যাপিং করার জন্য তিনি অসম জনপ্রিয় ছিলেন।

২০১২ সালে ‘গিটার ওয়ার্ল্ড’ ম্যাগাজিনের পাঠক জরিপে বিশ্বের

সর্বকালের সেরা ১০০ গিটারিস্টের তালিকায় শীর্ষস্থান দখল করেন ভ্যান হ্যালেন। মঙ্গলবার যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

বিয়ে করছেন কাজল আগরওয়াল

বিয়ে করছেন অভিনেত্রী কাজল আগরওয়াল। নতুন জীবন শুরু করার আগে নিজের সোশ্যাল হ্যান্ডেলে সে বিষয়ে ঘোষণা করেছেন এই অভিনেত্রী।

খবরে বলা হয়, আগামী ৩০ অক্টোবর বিয়ের পিঁড়িতে বসবেন কাজল আগরওয়াল। মুম্বাইতে বসবে বিয়ের আসর। তবে করোনা পরিস্থিতিতে দুই পরিবারের ঘনিষ্ঠদের নিয়েই বিয়ের পিঁড়িতে বসবেন বলে জানান এই অভিনেত্রী।

কাজল আগরওয়াল লিখেছেন, আনন্দের সঙ্গে জানাচ্ছি, আগামী ৩০ অক্টোবর মুম্বাইতে একটি ছোট ঘরোয়া অনুষ্ঠানে আমি গৌতম কিচলুর সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হতে চলেছি। সেখানে আমাদের পরিবার এবং আত্মীয় পরিজন উপস্থিত থাকবেন।

তিনি আরও জানিয়েছেন, এই অতিমারি আমাদের জীবনে দুশ্চিন্তার ছায়া ফেললেও নিজেদের নতুন সফর শুরু করতে পেরে আমরা খুবই খুশি। আপনারা আমাদের জন্য আনন্দিত। আমাকে এতো বছর ধরে ভালোবাসার জন্য ধন্যবাদ। নতুন জীবন শুরু করতে আপনাদের আশীর্বাদ প্রয়োজন।

২০০৪ সালে হিন্দি ছবি কিঁউ- হো গ্যায়া না দিয়ে বলিউডে পা রাখেন কাজল আগরওয়াল। এরপর ২০০৭ সালে লক্ষ্মী কল্যানম নামে একটি জনপ্রিয় তামিল সিনেমা দিয়ে সিনেমা জগতে ফের নিজের অস্তিত্ব প্রকাশ করেন তিনি।

বাহুবলি পরিচালক এসএস রাজামৌলির মাগাধীরা-তেও দেখা যায় কাজল আগরওয়ালকে। এসবের পাশাপাশি মোসাগাল্লু, ইন্ডিয়ান পার্ট টু, মুম্বাই সাগা, প্যারিস প্যারিসসহ দক্ষিণের একাধিক জনপ্রিয় সিনেমায় অভিনয় করেছেন কাজল আগরওয়াল।

দুর্গা সেজে হত্যার হুমকি পাচ্ছেন নুসরাত জাহান

মহলয়ার দুর্গা সেজে হত্যার হুমকি পাচ্ছেন ভারতের সাংসদ ও অভিনেত্রী নুসরাত জাহান। এ থেকে মুক্তি পেতে নিজের শুটিংয়ের সময় অতিরিক্ত নিরাপত্তার আবেদন করেছেন পশ্চিমবঙ্গের এ অভিনেত্রী।

স্বামী নিখিল জৈনের বস্ত্র বিপণি সংস্থার বিজ্ঞাপনের জন্য এই সাজে সেজেছেন তিনি। কিন্তু ছবি ও ভিডিও শেয়ার করার পর নেটিজেনদের সমালোচনার স্বীকার হতে হয়েছে তাকে।

গত ১৭ সেপ্টেম্বর শেয়ার করা ছবি ও ভিডিওটিতে নুসরাত জাহানের উদ্দেশে কিছু নেটিজেন অশালীন মন্তব্য করেছেন। মুসলিম হয়েও হিন্দুদের ধর্মীয় সাজ নেয়ায় তাকে নিয়ে সমালোচনা করা হয়েছে কমেন্ট বক্সে। এমনকি মেরে ফেলার হুমকি দিচ্ছে বলেও জানা গেছে।

পররাষ্ট্রমন্ত্রণালয়কেও বিষয়টি জানিয়েছেন নুসরাত। বিদেশে শুটিং করতে গিয়ে যাতে কোনো সমস্যায় পড়তে না হয়, সে আবেদন করেছেন তিনি। শোনা যাচ্ছে, তার অনুরোধে লন্ডনের ভারতীয় দূতাবাসে কথা বলেছে নয়াদিল্লি।

সূত্র- বিডি-প্রতিদিন